বেগম খালেদা জিয়া হল
রাজশাহী বিশ্ববিদ্যালয়

বেগম খালেদা জিয়া হলের আবাসিক শৃঙ্খলা, নিরাপত্তা ও ব্যবস্থাপনা নীতিমালা

১.বহিরাগত কোনো ছাত্রী আইডি কার্ড জমা দিয়ে (আইডি কার্ড না থাকলে নির্দিষ্ট খাতায় নাম লিখে) হলে প্রবেশ করবে এবং প্রস্থানের সময় ফেরত নিবে।

২. ফজরের আযানের সময় গেইট খুলে দেওয়া হবে এবং এ সময় বের হওয়ার জন্য কোনো আবেদনপত্র জমা দিতে হবে না।

৩. রাত ১০:০০ টা পর্যন্ত শিক্ষার্থীরা হলে প্রবেশ ও বাইরে যেতে পারবে। এ সময়ের পর হলে প্রবেশ করলে নির্দিষ্ট খাতায় নাম লিখতে হবে। এছাড়া জরুরী প্রয়োজনে মেডিকেলে গেলে হল সুপার ডকুমেন্টস দেখবেন, অন্য হলে গেলে উক্ত হলে খোঁজ নিয়ে যাচাই করে নিবেন এবং ডিপার্টমেন্টভিত্তিক কোনো কাজে গেলে উক্ত ডিপার্টমেন্টে খোঁজ নিবেন অথবা, শিক্ষার্থীকে ডিপার্টমেন্ট থেকে অনুমোদিত অ্যাপ্লিকেশন দিতে হবে।

৪. জরুরী প্রয়োজন ব্যতীত রাত ১২:০০ টার পর ১৫ দিনে ৫ দিন হলে ফিরলে উক্ত ছাত্রীর অভিভাবককে অবগত করা হবে।

৫. হলে রাতে অবস্থানের জন্য মা, বোন অথবা বিশেষ প্রয়োজনে অতিথিদেরকে সকল রুমমেটের অনুমতি সাপেক্ষে সুপার অফিসে অ্যাপ্লিকেশন দিয়ে রাখতে হবে। অতিথি রাখার সময়সীমা প্রয়োজনের উপর নির্ভর করবে।

৬. রাতে বাহিরে অবস্থান বা বাড়ি যাওয়া ও আসার সময় নির্দিষ্ট খাতায় লিখতে হবে।

৭. হল কর্তৃপক্ষের নিকট থেকে অনুমতি নিয়ে বড় আসবাবপত্র বের করতে হবে।

৮. ইস্ত্রি, ওয়াটার হিটার, রাইস কুকার, বড় আসবাবপত্র (যেমন: টেবিল) ঢুকানো যাবে না তবে ফোল্ডিং টেবিল ঢুকানো যাবে।

৯. শিক্ষার্থীদের যেকোনো প্রয়োজনে জরুরী কারণ ব্যতীত সকল কর্মকর্তা-কর্মচারীকে ডিউটি থাকাকালীন হলে উপস্থিত থেকে সহযোগিতা করতে হবে।

১০. সকলকে শিক্ষার্থীদের কোনো ব্যক্তিগত কথা বা কাজে বিরুপ মন্তব্য করা থেকে বিরত থাকতে হবে।

১১. যেকোনো কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থী কর্তৃক হলের নিয়মের ব্যত্যয় ঘটলে শাস্তির আওতায় আনা হবে।

আদেশক্রমে

কর্তৃপক্ষ